গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৭৪

# বিশ্বমঞ্চে রুয়েট শিক্ষার্থীদের উদ্ভাবনী দল 'টিম ক্র্যাক প্লাটুন' এর সাফল্য অর্জন

রাজশাহী; (০৭ আশ্বিন, ২২ সেপ্টেম্বর):

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) শিক্ষার্থীদের উদ্ভাবনী দল 'টিম ক্র্যাক প্লাটুন' (Team Crack Platoon) জাপানে আয়োজিত 'ফরমুলা এসএই জাপান ২০২৫' (Formula SAE Japan 2025) প্রতিযোগিতায় পিআর এ্যাওয়ার্ডসে তৃতীয় স্থান অধিকার করেছে। গত ৮ থেকে ১৩ সেপ্টেম্বর জাপানের 'আইচি স্কাই এক্সপো' (Aichi Sky Expo) ভেন্যুতে অনুষ্ঠিত এই সম্মানজনক প্রতিযোগিতায় বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ৯০ টি উদ্ভাবনী দল অংশ্রগহণ করেন। এতে সমগ্র দক্ষিণ এশিয়ার একমাত্র প্রতিনিধি হিসেবে রুয়েটের এই টিম অংশ নেয়। দলটি এবার অংশ নিয়েছিল তাদের নতুন প্রকল্প 'সিপি-এ্যাস্ট্রিয়ন' (CP–Astrion) নিয়ে। উন্নত ব্যাটারি প্রযুক্তি, লাইট ওয়েট কম্পোজিট বডি এবং এরোডায়ানামিক উইং সমন্বিত এই গাড়িটি এরই মধ্যে আন্তর্জাতিক মানদণ্ডে যাচাই করা হয়েছে। বিশ্বখ্যাত প্রতিষ্ঠান টেসলা সরাসরি তাদের ব্যাটারি প্রযুক্তি স্পন্সর করেছে।

এদিকে রুয়েটের উদ্ভাবনী এই টিম আন্তর্জাতিক পরিমণ্ডলে জায়গা করে নেয়ায় টিমের সকল সদস্যদের অভিনন্দন জানিয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক এক বিবৃতিতে বলেন, 'রুয়েট বরাবরই উদ্ভাবন ও গবেষণাকে উৎসাহ দিয়ে আসছে। তারই ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দেশের পাশাপাশি বিশ্বপরিমণ্ডলে তাদের কৃতিত্বের স্বাক্ষর রেখে চলেছে। 'টিম ক্র্যাক প্লাটুন' আন্তর্জাতিক মঞ্চে নিজের জায়গা সুদৃঢ় করায় রুয়েট পরিবার গর্বিত। তাদের সৃজনশীলতা ও উদ্ভাবিত প্রযুক্তি মানব সভ্যতাকে বিকশিত করবে এবং রুয়েটের পাশাপাশি বাংলাদেশের নাম উজ্জ্বল করবে।'

উল্লেখ্য, রুয়েট শিক্ষার্থীদের এই দল এর আগে ২০১৬ সালে 'কোয়াড বাইক চ্যালেঞ্জ', ২০১৭ ও ২০১৯ সালে 'ফরমুলা এসএই জাপান', ২০২৩ সালে 'ফরমুলা এসএই সুইজারল্যান্ড' এবং ২০২৪ সালে 'ফরমুলা ভারত' এর মত আন্তর্জাতিক প্রতিযোগিতাসমূহে অংশ নিয়ে সাফল্যের ছাপ রেখেছে।

.......................................................................................

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/২০২৫/১৮:৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd